

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাতার, ঢাকা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
www.shniyd.gov.bd

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.২৯.১২৯.২২-১৮৩৩

তারিখ:-

২১ জ্যৈষ্ঠ ১৪৩০ ব.

০৪ জুন ২০২৩খ্রি.

বিষয়ঃ- জাতীয় পর্যায়ে যুব মতবিনিময় ২০২৩ কর্মসূচিতে জাতীয় যুব পুরস্কার প্রাপ্ত যুব সংগঠনের প্রতিনিধি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে আগামী ১২ হতে ১৬ জুন ২০২৩ তারিখ পর্যন্ত ৫(পাঁচ)দিন ব্যাপী জাতীয় পর্যায়ে যুব মতবিনিময় কর্মসূচির আয়োজন করা হয়েছে। কর্মসূচিতে দেশের বিভিন্ন পর্যায়ের (যুব সংগঠনের সদস্য, যুব উদ্যোক্তা, আত্মকর্মী, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, সমাজিক সংগঠন ও উন্নয়নকর্মী) মোট ২০০ জন যুব ও যুবনারী প্রতিনিধি অংশ নিবেন। মাননীয় প্রতিমন্ত্রী **জনাব মোঃ জাহিদ আহসান রাসেল** এমপি, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

দেশের বিভিন্ন অঞ্চলের সাংস্কৃতিক ও ঐতিহ্যগত বৈশিষ্টের পারস্পরিক বিনিময় এবং কর্মসংস্থানে তাঁদের উদ্যোগ, ভূমিকাসহ বিভিন্ন যুব কার্যক্রম সম্পর্কে মতবিনিময়ের উদ্দেশ্যে সকল শ্রেণীর যুবদের সমন্বয়ে এ যুব মতবিনিময় কর্মসূচি প্রতি বছর আয়োজন করা হয়। জাতীয় উন্নয়ন প্রক্রিয়ায় যুবদের সম্পৃক্তকরণ ও অংশগ্রহণের পাশাপাশি বিভিন্ন অঞ্চলের যুবদের পারস্পরিক মতবিনিময়ের সুযোগ সৃষ্টি করা এর কর্মসূচির অন্যতম উদ্দেশ্য।

উক্ত যুব মতবিনিময় কর্মসূচিতে অংশগ্রহণের নিমিত্ত জাতীয় যুব পুরস্কার প্রাপ্ত মোট ১০(দশ)জন প্রতিনিধির নামের তালিকা আগামী ০৮ জুন ২০২৩ খ্রি. বৃহস্পতিবার তারিখের মধ্যে প্রেরণ করাসহ মতবিনিময় সভায় তাঁদের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে ব্যবস্থা গ্রহণে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, মনোনীত যুব প্রতিনিধিদের যাতায়াত ভাতা, আবাসন ও খাবার ব্যবস্থা ইনস্টিটিউটের পক্ষ হতে করা হবে। এ বিষয়ে জনাব রেবেকা সুলতানা, উপপরিচালক(প্রশিক্ষণ ও মূল্যায়ন) মোবাইল নং-০১৭১১৬৩৯৮০৪ এর সাথে প্রয়োজনে যোগাযোগ করা যেতে পারে।

মহাপরিচালক(গ্রেড-১)
যুব উন্নয়ন অধিদপ্তর,
ঢাকা

(মোঃ নজরুল ইসলাম)

মহাপরিচালক(অ.দা.)

ফোন:-০২-২২৪৪২৬০৩০

ই-মেইল- dgshniyd@shniyd.gov.bd

অনুলিপি:

১। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার